



বগুড়া-৬ আসনে তারেক রহমানের মনোনয়ন বৈধ ঘোষণা



সংগৃহীত ছবি

বগুড়া-৬ সংসদীয় আসনে বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের দাখিল করা মনোনয়নপত্র বৈধ হিসেবে অনুমোদন দিয়েছে নির্বাচন কমিশন। একই সঙ্গে ওই আসনে জামায়াতে ইসলামীর প্রার্থীর মনোনয়নপত্রও যাচাইয়ে উত্তীর্ণ হয়েছে।

শনিবার (৩ জানুয়ারি) সকালে মনোনয়নপত্র যাচাই-বাছাই শেষে বগুড়া জেলার রিটার্নিং কর্মকর্তা ও জেলা প্রশাসক মো. তৌফিকুর রহমান এ সিদ্ধান্তের কথা জানান। জেলা প্রশাসকের কার্যালয়ে নির্ধারিত সময়সূচি অনুযায়ী যাচাই শেষে এই ঘোষণা আসে।

এর আগে মনোনয়নপত্র দাখিলের শেষ দিনে তারেক রহমানের পক্ষে ঢাকা-১৭ ও বগুড়া-৬—এই দুই আসনে কাগজপত্র জমা দেওয়া হয়। যাচাই প্রক্রিয়ায় বগুড়া-৬ আসনের মনোনয়নপত্রে কোনো আইনগত ত্রুটি পাওয়া যায়নি বলে জানিয়েছেন সংশ্লিষ্ট কর্মকর্তারা।

এদিকে, সংসদ নির্বাচনকে সামনে রেখে সারাদেশে টানা পঞ্চম দিনের মতো প্রার্থীদের মনোনয়নপত্র যাচাই-বাছাই চলছে। সকাল থেকেই জেলা ও রিটার্নিং কর্মকর্তাদের কার্যালয়ে এ কার্যক্রম শুরু হয়। নির্বাচন বিধিমালা অনুযায়ী প্রার্থীদের কাগজপত্র, হলফনামা ও সমর্থনসংক্রান্ত তথ্য খতিয়ে দেখা হচ্ছে।

যাচাইয়ের অংশ হিসেবে ইতোমধ্যে কয়েকজন প্রার্থীর মনোনয়ন বাতিল ও স্থগিতের সিদ্ধান্ত নেওয়া হয়েছে। সাতক্ষীরা-১ আসনে ভোটের স্বাক্ষরের অসঙ্গতির কারণে এক স্বতন্ত্র প্রার্থীর প্রার্থিতা বাতিল করা হয়। এছাড়া কাগজপত্রে ত্রুটি থাকায় বিএনপি ও ইসলামী আন্দোলনের দুই প্রার্থীর মনোনয়ন সাময়িকভাবে স্থগিত হয়েছে। তবে বাতিল ও স্থগিত হওয়া প্রার্থীর আপিল করার সুযোগ পাবেন।

নির্বাচন কমিশন সূত্র জানায়, মনোনয়ন যাচাই-বাছাই চলবে আগামী ৪ জানুয়ারি পর্যন্ত। এরপর ২০ জানুয়ারি পর্যন্ত প্রার্থিতা প্রত্যাহারের সুযোগ থাকবে। প্রতীক বরাদ্দ শেষ হলে মাঠে নামবে প্রার্থীদের আনুষ্ঠানিক নির্বাচনী প্রচারণা।